

116th meeting of the India-Pakistan Permanent Indus Commission

March 24, 2021

ভারত-পাকিস্তান স্থায়ী ইণ্ডাস কমিশনের 116তম বৈঠক

মার্চ 24, 2021

ভারত ও পাকিস্তানের ইণ্ডাস কমিশনারদের নিয়ে গঠিত স্থায়ী ইণ্ডাস কমিশনের (পিআইসি) বার্ষিক বৈঠক মার্চ 23-24, 2021 তারিখে নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়। 1960 সালে ভারত ও পাকিস্তানের মধ্যে স্বাক্ষরিত ইণ্ডাস জল চুক্তির নিয়মানুসারে দুই কমিশনারকে প্রতিবছর অন্তত একবার ভারত ও পাকিস্তানে পর্যায়ক্রমে মিলিত হতে হবে। বর্তমান কোভিড-19 মহামারী পরিস্থিতিতে উদ্ভূত বিধিনিষেধের কারণে গত বছর এই বৈঠক সম্ভবপর হয়নি।

পাকাল দুল (1000 মেগাওয়াট) এবং লোয়ার কালনাই (48 মেগাওয়াট) নামে দুটি ভারতীয় প্রকল্পের নকশার বিষয়ে বৈঠকে আলোচনা হয়। ভারতীয় পক্ষের দাবি এই প্রকল্পগুলি পুরোপুরি চুক্তির নিয়মানুগ এবং এর স্বপক্ষে তাঁরা প্রযুক্তিগত তথ্য প্রদান করেন।

এই পরিকল্পনাগুলির উন্নতিসাধনে ভারতের অন্যান্য নির্মীয়মাণ জলবিদ্যুৎ প্রকল্পের নকশার তথ্য তাদের সাথে ভাগ করে নেবার জন্য পাকিস্তান ভারতকে অনুরোধ করে। ভারতীয় পক্ষ আশ্বাস দিয়ে জানায় যে চুক্তির নিয়মানুসারে যখন প্রয়োজন তখন তথ্য সরবরাহ করা হবে।

অত্যন্ত সাফল্যের সাথে এই সৌজন্যসভা অনুষ্ঠিত হয়েছিল। দু'জন কমিশনারই চুক্তি অনুসারে দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে বিষয়গুলি সমাধানের প্রয়াসে আরও ঘন ঘন যোগাযোগের প্রতিশ্রুতি পুনরায় নিশ্চিত করেছেন। পারস্পরিক সুবিধাজনক তারিখে পাকিস্তানে পিআইসির পরবর্তী বৈঠকের বিষয়ে উভয়ে একমত হন।

নিউ দিল্লি

মার্চ 24, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.